গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপপরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রংপুর বিভাগ, রংপুর

এবং

মহাপরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৯ - ৩০ জুন, ২০২০

# সূচিপত্র


| ক্রমিক | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১. | উপক্রমণিকা | ৩ |
| ২. | কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪ |
| ৩. | সেকশন ১: রূপকল্প ,অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলি | ৫ |
| ৪. | সেকশন ২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৬-৯ |
| ৫. | অঙ্গীকারনামা | ১০ |
| ৬. | সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১১ |
| ৭. | সংযোজনী: কর্মসম্পাদন সূচকসমূহ,বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১২-১৪ |
| ৮. | সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১৫ |

# উপক্রমনিকা (preamble)

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রংপুর বিভাগ, রংপুর।

এবং

মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ১৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রংপুর বিভাগ, রংপুর এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of Fire Service & Civil Defence, Rangpur Division, Rangpur.)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ-

#### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ:

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর অগ্নিকান্ডসহ যেকোন দুর্যোগ-দুর্ঘটনায় প্রথম সাড়াদানকারী সেবাধর্মী প্রতিষ্ঠান। অত্র অধিদপ্তরের আওতাধীন ০৮টি বিভাগীয় কার্যালয়ের মধ্যে অত্যন্ত গুরুত্বপূর্ণ হল রংপুর বিভাগীয় কার্যালয়। গতি, সেবা ও ত্যাগের মূলমন্ত্রে উজ্জীবিত হয়ে অত্র বিভাগের আওতাধীন কর্মীরা দিন-রাত ২৪ ঘন্টা মানুষের কল্যাণ ও সেবায় নিয়োজিত। জনগণের দোরগোড়ায় অত্র অধিদপ্তরের সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে ইতোমধ্যে রংপুর বিভাগে ৪৮ (আটচল্লিশ)টি ফায়ার স্টেশন চালু করা হয়েছে এবং ১৬ (ষোল) টি ফায়ার স্টেশন স্থাপনের কার্যক্রম চলমান।

- রংপুর বিভাগের আওতাধীন ফায়ার স্টেশন কর্তৃক ২০১৬-১৭ অর্থবছরে ৩৪৩৩ টি, ২০১৭-১৮ অর্থবছরে ৩২০৮টি ও ২০১৮-১৯ অর্থবছরে ৩১২৫ টিঅগ্নিনির্বাপণের ফলে মোট ৩,১৩,০০,০০,০০০/- কোটি টাকার সম্পদ উদ্ধার করা সম্ভব হয়েছে।
- অত্র দপ্তরের আওতাধীন স্টেশনসমূহ কর্তৃক যে কোন দুর্ঘটনা তাৎক্ষণিক মোকাবেলার জন্য দুর্ঘটনাপ্রবণ ১২ (বার) টি)পয়েন্টে নিয়মিত টহল ডিউটি পরিচালনা করা হচ্ছে। যার ফলে অগ্নি-দুর্ঘটনাসহ যে কোন ধরনের দুর্ঘটনায় অতি দ্রুত সাড়া প্রদান করায় জান-মালের ক্ষয়ক্ষতির পরিমান অনেকাংশে হ্রাস পেয়েছে।
- উল্লেখযোগ্য কার্যক্রমের মধ্যে রয়েছে সড়ক দূর্ঘটনা, অগ্নিদূর্ঘটনায় ২০১৭ সালে ২০৪২ জন, ২০১৮ সালে ২২৪৬ জন ও ২০১৯ সালে ২১৫০ জনকেউদ্ধার।
- অত্র দপ্তরের কর্মীদের মনোবল এবং পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে অত্র দপ্তরের আওতাধীন বিভিন্ন ফায়ার স্টেশন হতে কর্মকর্তা/কর্মচারীদের রংপুর বিভাগীয় সদর দপ্তরে নিয়ে এসে অগ্নি-নির্বাপণ, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণসহ বিভিন্ন ধরনের বহুমাত্রিক সমস্যার মধ্যে বহুতল ও বাণিজ্যিক ভবনের অগ্নি-নির্বাপণের জন্য অত্র বিভাগে ব্রেভহার্ট কোর্স,MFR & CSSR, Crush Programmeচলমান আছে।
- ভূমিকম্প দুর্ঘটনায় উদ্ধার কাজ করার জন্য USAR টিম এবং স্পেশাল ফায়ার ফাইটিং, ওয়াটার রেসকিউ টিম গঠন করা হয়েছে।
- ভূমিকম্প দুর্ঘটনায় উদ্ধার কাজ করার জন্য ১ টি স্পেশাল ফায়ার ফাইটিং, ওয়াটার রেসকিউ টিম গঠন করা হয়েছে।
- অগ্নি-সেনাদের শারীরিক ফিটনেস রাখার জন্য ৭ (সাত) টি ফায়ার স্টেশনে পিটি আইটেম স্থাপন করে মিনি ট্রেনিং সেন্টারে পরিণত করা হয়েছে।
- এছাড়াও ভূমিকম্প পরবর্তী উদ্ধারকাজে সহযোগিতা করার জন্য CDMP ও অন্যান্য এন জি ও এর সহযোগিতায় রংপুর সিটি কর্পোরেশনসহ অন্যান্য জেলা শহরের স্থানীয় বাসিন্দাদের প্রশিক্ষণের মাধ্যমে ভলান্টিয়ার তৈরির কার্যক্রম চলমান আছে। ইতোমধ্যে ১০৩৭ জন কমিউনিটি ভলান্টিয়ার তৈরি করা হয়েছে।
- অত্র দপ্তরের অগ্নিনির্বাপণ খাতে ২০১৬-২০১৭ অর্থবছরে ৪১,০০,০০০/- (একচল্লিশ লক্ষ)২০১৭-২০১৮ অর্থবছরে ৪৯,০০,০০০/- (উনপঞ্চাশ লক্ষ)ও ২০১৮-২০১৯ অর্থবছরে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ)টাকা রাজস্ব আদায় করা হয়েছে।

#### সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:

শহর এলাকায় অগ্নিনির্বাপণের জন্য পর্যাপ্ত পানির অভাব, পর্যাপ্ত হাইড্রেন্ট ব্যবস্থা না থাকা, ট্রাফিক জ্যাম ও অপ্রসস্থ রাস্তাঘাটের কারণে অগ্নিনির্বাপণ কষ্টকর। বহুমাত্রিক ঝুঁকিপূর্ণ অগ্নিকান্ড, অপরিকল্পিত নগরায়ণ ও শিল্পায়ন এবং বিদ্যমান আইন বিধি-বিধান না মেনে ভবন নির্মাণ ও আবাসিক এলাকায় কেমিক্যাল দোকান পাট, গোডাউন স্থাপনের ফলে অগ্নিকান্ডসহ অন্যান্য দুর্ঘটনায় অপারেশনাল কার্যক্রম পরিচালনায় দু:সাধ্য হয়ে পড়ছে। আধুনিক ও যুগোপযোগী উদ্ধার সরঞ্জামাদির স্বল্পতা, জনবল স্বল্পতাসহ নানাবিধ জটিলতা মোকাবেলার কারণে অর্পিত দায়িত্ব সঠিকভাবে পরিচালনা ব্যহত হচ্ছে।

#### ভবিষ্যৎ পরিকল্পনা:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রতিটি উপজেলায় ন্যূনতম একটি ফায়ার স্টেশন স্থাপনের লক্ষ্যে চলমান ৩টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন শেষ হলে অত্র দপ্তরের আওতাধীন মোট ফায়ার স্টেশনের সংখ্যা হবে ৬৪ টি এবং জনবল প্রায় ১৩০০ জন। নৌ দুর্ঘটনাসহ যেকোন দুর্ঘটনায় দ্রুত উদ্ধারকার্য পরিচালনার জন্য ডুবুরি ইউনিট সম্প্রসারণ এবং ০১টি বিশেষায়িত অগ্নিনির্বাপণ ও উদ্ধার ইউনিট স্থাপন। তাছাড়া বিভিন্ন প্রকল্পের আওতায় জরুরি সাড়াদান ও প্রতিরোধ কার্যক্রম পরিচালনার জন্য বিশেষায়িত ইউনিট গঠন। JICA ও KOICA-র সহায়তায় ০১টি ফায়ার স্টেশনের ভবনসমূহ ভূমিকম্প সহনশীল ভবনে রূপান্তর প্রকল্পের মাধ্যমে সকল ফায়ার স্টেশনের কার্যক্রম সম্পন্নকরণ। চলমান উন্নয়ন প্রকল্পের আওতায় অত্র বিভাগের অধীনে যে সকল ফায়ার স্টেশনের কাজ শেষ হয়েছে তা জরুরী ভিত্তিতে চালুর ব্যবস্থা গ্রহন করা। কর্মকর্তা/ কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিনিয়ত প্রশিক্ষণ এর ব্যবস্থা চালু রাখা।

#### ২০১৯-২০২০ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ-

- অগ্নিকান্ডসহ যে কোন দুর্ঘটনায় ১০০ ভাগ সাড়া প্রদান করা হবে;
- দুর্ঘটনায় আক্রামন্তদের ১০০ ভাগ উদ্ধারপূর্বক চিকিৎসালয়ে স্থানান্তর করা হবে;
- এ্যাম্বুলেন্স সার্ভিসের মাধ্যমে ২৩০০ টি রোগী পরিবহন করা হবে;
- তাৎক্ষণিক সেবা প্রদানের জন্য দুর্ঘটনা প্রবণ ১২টি পয়েন্টে টহল কার্যক্রম পরিচালনা করা হবে;
- ৭১৪টি অগ্নি নির্বাপণ, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসার মহড়া পরিচালনা করা হবে;
- অগ্নিনিরাপত্তা নিশ্চিতকল্পে ৩০০ টি বিভিন্ন শিল্পসহ অন্যান্য প্রতিষ্ঠান পরিদর্শন করা হবে;
- অগ্নি নির্বাপণী মৌলিক প্রশিক্ষণের মাধ্যমে ৭৩০০ জনকে প্রশিক্ষিত করা হবে;
- জনসচেতনতা বৃদ্ধিকল্পে ১৪৫০ টি টপোগ্রাফি, জন ও গণসংযোগ পরিচালনা করা হবে;
- জনসচেতনতা বৃদ্ধিকল্পে ৬৯০০ টি লিফলেট পোস্টার বিতরণ করা হবে;
- সক্ষমতা বৃদ্ধিকরণে ৪২০ জন জনবলকে বিশেষ প্রশিক্ষণ প্রদান করা হবে;
- ৬৫০ টি মালগুদাম ও কারখানার জন্য ফায়ার লাইসেন্স প্রদান করা হবে;
- ৫৫ টি বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য বিধি মোতাবেক ছাড়পত্র প্রদান করা হবে;
- ফায়ার রিপোর্ট ও লাইসেন্স বাবদ ৫০,০০,০০০/- (পঞ্চাশলক্ষ) টাকা রাজস্ব আদায় করা হবে;
- নির্মাণাধীন ১৬ টি ফায়ার স্টেশন ৩৮বার পরিদর্শন করা হবে।

## সেকশন ১:

রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি:

### ১.১ রূপকল্প :

''অগ্নিকান্ডসহ সকল দুর্যোগ মোকাবিলাও নাগরিক সুরক্ষা নিশ্চিতকরণের মাধ্যমে এশিয়ার অন্যতম শ্রেষ্ঠ প্রতিষ্ঠান হিসেবে সক্ষমতা অর্জন''

### ১.২ অভিলক্ষ্য:

''দুর্যোগ-দুর্ঘটনায় জীবন ও সম্পদ রক্ষার মাধ্যমে নিরাপদ বাংলাদেশ গড়ে তোলা''

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১.৩.১কৌশলগত উদ্দেশ্যসমূহ :

১. অগ্নিনির্বাপণ, উদ্ধার কার্যক্রম ও চিকিৎসা সেবা পরিচালনা;
২. দুর্ঘটনারোধে প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা;
৩. দুর্ঘটনা প্রতিরোধে প্রশিক্ষণ কার্যক্রম;
৪. বিভিন্ন প্রতিষ্ঠান/স্থাপনা বরাবর বিধি মোতাবেক লাইসেন্স ও ছাড়পত্র প্রদান;
৫. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স প্রকল্প বাস্তবায়ন;

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ :

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ;
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন ।

### ১.৪ কার্যাবলি:

১ যে কোন সময়ে সংঘটিত অগ্নি নির্বাপণ, অগ্নি প্রতিরোধ ব্যবস্থা জোরদার করা এবং যে কোন দুর্ঘটনা/দুর্যোগে অনুসন্ধান ও উদ্ধারকার্য পরিচালনা করা;
২ দুর্ঘটনা ও দুর্যোগে আহতদের প্রাথমিক চিকিৎসা প্রদান, গুরুতর আহতদের দ্রুত হাসপাতালে প্রেরণ এবং রোগীদের এ্যাম্বুলেন্স সেবা প্রদান;
৩ দেশের অন্যান্য সংস্থার সাথে সমন্বয় সাধন করে অগ্নি দুর্ঘটনাসহ যে কোন দুর্যোগ মোকাবেলা ও জান-মালের ক্ষয়ক্ষতি কমিয়ে আনা;
৪ বহুতল ভবন, বাণিজ্যিক ভবন, শিল্প কারখানা ও বস্তি এলাকায় অগ্নিদুর্ঘটনা রোধকল্পে প্রয়োজনীয় প্রশিক্ষণ, পরামর্শ ও মহড়া পরিচালনা করা;
৫ অগ্নি দুর্ঘটনাসহ যে কোন দুর্ঘটনা ও দুর্যোগ তাৎক্ষনিকভাবে মোকাবেলার জন্য দেশের বিভিন্ন গুরুত্বপূর্ন জায়গায় টহল ডিউটি কার্যক্রম পরিচালনা;
৬ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মীদের অগ্নিনির্বাপণ, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণ প্রদান;
৭ বহুতল ভবনের অগ্নি নিরাপত্তামূলক শর্তসমূহ বাস্তবায়ন নিশ্চিত করা;
৮ যুদ্ধকালীন সময়ে বিমান হামলার হাত থেকে রক্ষার জন্য হুঁশিয়ারী সংকেতের মাধ্যমে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিতসহ সকল বেসরকারি প্রতিষ্ঠানকে সতর্ক করা;
৯ অগ্নি নির্বাপণ ও উদ্ধারকারী সাজ-সরঞ্জামাদি মেরামত ও রক্ষণাবেক্ষণ;
১০ অগ্নি প্রতিরোধসহ যে কোন দুর্যোগ মোকাবেলায় জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ;
১১ জান-মালের নিরাপত্তা বৃদ্ধিসহ দুর্যোগ মোকাবেলায় স্বেচ্ছাসেবক তৈরি করা;
১২ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা-কর্মচারী, জনসাধারণ ও শিক্ষার্থীদের অগ্নিনির্বাপণ প্রতিরোধ এবং বেসামরিক প্রতিরক্ষা বিষয়ে প্রশিক্ষণ প্রদান;
১৩ অত্র দপ্তরের অধীন সকল স্থাপনা ভূমিকম্প সহনীয় করে জনবল ও সাজ-সরঞ্জামাদির নিরাপত্তা নিশ্চিত করা;
১৪ অধিদপ্তরের জনবলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে যুগোপযোগী আন্তর্জাতিক মানের প্রশিক্ষণের ব্যবস্থা করা;
১৫ ওয়্যারহাউজ ও ওয়ার্কশপসমূহের অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ ব্যবস্থা বাস্তবায়নপূর্বক ফায়ার লাইসেন্স প্রদান করা;
১৬ সংঘটিত অগ্নিকান্ডের তদন্ত করে প্রতিবেদন প্রণয়ন করা;
১৭ আধুনিক অগ্নি নির্বাপণ ও উদ্ধার সাজ-সরঞ্জামাদির চাহিদা প্রণয়ন ও সংগ্রহ;
১৮ আইন অনুযায়ী সার্ভিস চার্জের বিনিময়ে সেবা প্রদান করা।

## সেকশন-২

### কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক(Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ (Target/Criteria Value for FY2 2019-2020) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১. অগ্নি নির্বাপণ, উদ্ধার কার্যক্রম ও চিকিৎসা সেবা পরিচালনা | ৩০ | (১.১) অগ্নি নির্বাপণ কার্যক্রম গ্রহণ; | (১.১.১) সাড়া প্রদানকৃত অগ্নি দুর্ঘটনা | % | ১৫ | ১০০ | ১০০ | ১০০ | - | - | - | - | ১০০ | ১০০ |
| | | (১.২) দুর্ঘটনার বিপরীতে উদ্ধার কার্যক্রম গ্রহণ; | (১.২.১) পরিচালিত উদ্ধার কার্য | % | ৫ | ১০০ | ১০০ | ১০০ | - | - | - | - | ১০০ | ১০০ |
| | | (১.৩) দুর্ঘটনা কবলিতদের তাৎক্ষণিকভাবে চিকিৎসালয়ে স্থানান্তর; | (১.৩.১) দুর্ঘটনা কবলিতদের চিকিৎসালয়ে স্থানান্তর | % | ৪ | ১০০ | ১০০ | ১০০ | - | - | - | - | ১০০ | ১০০ |
| | | (১.৪) এ্যাম্বুলেন্স সার্ভিস পরিচালনা; | (১.৪.১) প্রদানকৃতএ্যাম্বুলেন্স সার্ভিস | সংখ্যা | ৩ | ১৭৯০ | ২০৮০ | ২৩০০ | ২১৫০ | ২০০০ | ১৯০০ | ১৭৯০ | ৩১০০ | ৩২০০ |
| | | (১.৫) তাৎক্ষণিক সেবা প্রদানের জন্য টহল ডিউটি কার্যক্রম; | (১.৫.১) টহলের জন্য নির্ধারিত পয়েন্ট | সংখ্যা | ৩ | ৭ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ০৫ | ১২ | ১৫ |
| ২. দুর্ঘটনারোধে প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা | ২৮ | (২.১) অগ্নি দুর্ঘটনা, উদ্ধার ও ভূমিকম্প প্রতিরোধমূলক মহড়ার আয়োজন; | (২.১.১) বস্তি এলাকায় পরিচালিত মহড়া | সংখ্যা | ৪ | ৩৩ | ৪০ | ৬৪ | ৫৭ | ৫০ | ৪০ | ৩৩ | ৭০ | ৭৫ |
| | | | (২.১.২) শপিংমল, হাটবাজার বিপণিবিতানে পরিচালিত মহড়া | সংখ্যা | ৪ | ৩৮৫ | ৪০০ | ৪১০ | ৪০০ | ৩৮০ | ৩৬০ | ৩৫০ | ৪৫০ | ৫০০ |
| | | | (২.১.৩) শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত মহড়া | সংখ্যা | ৫ | ১৮০ | ১৯০ | ২০০ | ১৯৫ | ১৯০ | ১৮৫ | ১৮০ | ২২০ | ২৪০ |
| | | | (২.১.৪) বহতল/ বাণিজ্যিক ভবনে পরিচালিত মহড়া | সংখ্যা | ৪ | ৩০ | ৩৫ | ৪০ | ৩৮ | ৩৫ | ৩৩ | ৩০ | ৪০ | ৫০ |
| | | (২.২) বিভিন্ন প্রতিষ্ঠানের অগ্নি নিরাপত্তা ব্যবস্থাদি জোরদারকরণ; | (২.২.১) পরিচালিতপরিদর্শন | সংখ্যা | ৫ | ২১৫ | ২৫০ | ৩০০ | ২৭৫ | ২৫০ | ২৩০ | ২১৫ | ৩৪০ | ৩৬০ |
| | | (২.৩)জনসচেতনতা বৃদ্ধিকরণ ; | (২.৩.১) পরিচালিত টপোগ্রাফী, জন ও গণসংযোগ | সংখ্যা | ৫ | ১৩৭০ | ১৪০০ | ১৪৫০ | ১৪৩০ | ১৪১০ | ১৩৯০ | ১৩৭০ | ১৫০০ | ১৫৫০ |
| | | | (২.৩.২) লিফলেট পোষ্টার বিতরণ | সংখ্যা | ১ | ৫০০০ | ৭০০০ | ৬৯০০ | ৬৮০০ | ৬৭০০ | ৬৬০০ | ৬৫০০ | ৭৫০০ | ৮০০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক(Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ (Target/Criteria Value for FY2 2019-2020) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ৩. দুর্ঘটনা প্রতিরোধে প্রশিক্ষণ কার্যক্রম | ১২ | (৩.১) অগ্নিনির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ; | (৩.১.১) সাধারণ জনগণদের প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ; | সংখ্যা (জন) | ৪ | ১৭২০ | ১৮৬০ | ২৩০০ | ২১০০ | ১৯৫০ | ১৮০০ | ১৭২০ | ২৪০০ | ২৫০০ |
| | | | (৩.১.২) শিক্ষার্থীদের জন্য পরিচালিত মৌলিক প্রশিক্ষণ; | সংখ্যা (জন) | ৪ | ৪৫০০ | ৪৮০০ | ৫০০০ | ৪৯০০ | ৪৭৫০ | ৪৬০০ | ৪৫০০ | ৬৫০০ | ৭০০০ |
| | | (৩.৩) ফায়ার সার্ভিস কর্মী বাহিনীর জন্য পরিচালিত প্রশিক্ষণ; | (৩.৩.১) অংশগ্রহণকৃত প্রশিক্ষণ; | সংখ্যা (জন) | ৪ | ৩০০ | ৪০০ | ৪২০ | ৩৯০ | ৩৬০ | ৩৩০ | ৩০০ | ৪৫০ | ৫০০ |
| ৪.বিভিন্ন প্রতিষ্ঠান/ স্থাপনা বরাবর বিধি মোতাবেক লাইসেন্স ও ছাড়পত্র প্রদান | ৮ | (৪.১) প্রতিষ্ঠান/স্থাপনা বরাবর বিধি মোতাবেক লাইসেন্স প্রদান; | (৪.১.১) প্রদানকৃত লাইসেন্স; | সংখ্যা | ৪ | ৯৫০ | ১২০০ | ৬৫০ | ১২৩০ | ১২০০ | ১১৮০ | ১১৫০ | ১৩০০ | ১৪০০ |
| | | (৪.২) বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য বিধি মোতাবেক ছাড়পত্র প্রদান; | (৪.১.১) প্রদানকৃত ছাড়পত্র; | সংখ্যা | ১ | ৫০ | ৫০ | ৫৫ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ৬০ | ৭০ |
| | | (৪.৩) অগ্নি নির্বাপন খাতে আদায়কৃত ফি | (৪.২.১) আদায়কৃত ফি। | লক্ষ টাকা | ৩ | ৪৯ | ৫২ | ৫০ | ৪৮ | ৪৫ | ৪৩ | ৪০ | ৫৫ | ৫৭ |
| ৫. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স প্রকল্প বাস্তবায়ন। | ২ | (৫.১) প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন স্টেশন পরিদর্শন; | (৫.১.১) পরিদর্শিত নির্মাণাধীন ফায়ার স্টেশন | সংখ্যা | ২ | ৩০ | ৪০ | ৩৮ | ৩৫ | ৩৩ | ৩০ | ২৮ | ৪৫ | ৫০ |

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ,২০১৯-২০

| কলাম -১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৬ | [১.১]বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [১.১.১]সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জন ঘন্টা | ০.৫ | ৬০ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [১.১.৩] ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কতৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ০.৫ | ২৪ জুলাই, ২০১৯ | ২৯ জুলাই , ২০১৯ | ৩০ জুলাই, ২০১৯ | ৩১ জুলাই, ২০১৯ | ০১ আগস্ট, ২০১৯ |
| | | | [১.১.৪] ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কতৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ০.৫ | ১৩ জানুয়ারি,২০২০ | ১৬ জানুয়ারি,২০২০ | ১৭জানুয়ারি ,২০২০ | ২০ জানুয়ারি ,২০২০ | ২১ জানুয়ারি,২০২০ |
| | | [১.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [১.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - |
| | | | [১.৩.২] অভিযোগ নিস্পত্তিসংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ৯ | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | % | ১ | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | _ |
| | | | [১.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন উর্ধ্বতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | - | - |
| | | | [১.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০২০ | ০৭ ফ্রেব্রুয়ারি, ২০২০ | ১৭ ফেব্রুয়ারি ২০২০ | ২৮ ফ্রেব্রুয়ারি, ২০২০ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [২.১.১] সকল শাখায় ই-নথিব্যবহার | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | [২.১.২] ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | % | ১ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | [২.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | [২.২] উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প | [২.২.১] ন্যুনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ১১মার্চ, ২০২০ | ১৮মার্চ, ২০২০ | ২৫মার্চ ২০২০ | ১এপ্রিল,২০২০ | ৮ এপ্রিল, ২০২০ |
| | | [২.৩] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [২.৩.১] পি আর এল আদেশ জারিকৃত | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [২.৩.২] ছুটি নগদায়ন পত্র জারিকৃত | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | - | |
| | | [২.৪] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.৪.১] অফিসের সকল তথ্যহালনাগাদকৃত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| (৩) আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১]বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | ১ | ১৬ আগস্ট, ২০১৯ | ২০ আগস্ট, ২০১৯ | ২৪ আগস্ট, ২০১৯ | ২৮আগস্ট, ২০১৯ | ৩০ আগস্ট, ২০১৯ |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | [৩.২] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফ্রেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৮ ফেব্রুয়ারি, ২০২০ | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফ্রেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৮ ফেব্রুয়ারি, ২০২০ | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | [৩.৩.২]অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | [৩.৪] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৪.১] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধ | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৪.২] টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৪.৩] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

## অঙ্গীকারনামা

আমি মোঃ ইউনুস আলী, উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রংপুর বিভাগ, রংপুর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল,মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রংপুর বিভাগ, রংপুর এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

**স্বাক্ষরিত :**

মোঃ ইউনুস আলী<br>উপপরিচালক<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স<br>রংপুর বিভাগ, রংপুর।

তারিখঃ-১৮/০৬/২০১৯ খ্রিঃ

ব্রিগেডিয়ার জেনারেল<br>মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল<br>মহাপরিচালক<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর<br>ঢাকা।

তারিখঃ-১৮/০৬/২০১৯ খ্রিঃ

## সংযোজনী - ১

### শব্দ সংক্ষেপ

| ক্রমিক | আদ্যক্ষর | পূর্ন বিবরণ |
|---|---|---|
| ১. | **BNBC** | বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড |
| ২. | **USAR** | আরবান সার্স এন্ড রেসকিউ |
| ৩. | **JICA** | জাপানিজ ইন্টারন্যাশনাল কর্পোরেশন এজেন্সি |
| ৪. | **KOICA** | কোরিয়ান ইন্টারন্যাশনাল কর্পোরেশন এজেন্সি |
| ৫. | **PT** | ফিজিক্যাল ট্রেনিং |
| ৬. | **CDMP** | কম্প্রিহেনসিভ ডিজেস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম |
| ৭. | **এফএসওসিডি** | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ৮. | **এনজিও** | নন গভর্নমেন্ট অর্গানাইজেশন (বেসরকারী সংস্থা) |
| ৯. | **MFR** | Medical First Responder |
| ১০. | **CSSR** | Collapsed Structure Search & Rescue |

## সংযোজনী-২

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি- এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | (১.১) অগ্নি নির্বাপণ কার্যক্রম গ্রহণ; | (১.১.১) সাড়া প্রদানকৃত অগ্নি দুর্ঘটনা | রংপুরস্থ বিভাগীয় নিয়ন্ত্রণকক্ষ/যে কোন ফায়ার স্টেশনে প্রাপ্ত অগ্নিকান্ডের সংবাদের ভিত্তিতে ফায়ার স্টেশনের কর্মীগণ শতভাগ অগ্নিকান্ডে সরঞ্জামাদিসহ অকুস্থলে গমনপূর্বক অগ্নি নির্বাপণ করেন। | সহকারী পরিচালক | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ২ | (১.২) দুর্ঘটনার বিপরীতে উদ্ধার কার্যক্রম গ্রহণ; | (১.২.১) পরিচালিত উদ্ধার কার্যক্রম | অগ্নিকান্ডসহ সকল দুর্ঘটনা ও বিধ্বস্থ ভবনে বিভিন্ন উদ্ধার কলাকৌশলের মাধ্যমে দুর্যোগ ও দুর্ঘটনার বিপরীতে উদ্ধার কার্যক্রম পরিচালনা করা হয়। | সহকারী পরিচালক | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ৩ | (১.৩) দুর্ঘটনা কবলিতদের তাৎক্ষণিকভাবে চিকিৎসালয়ে স্থানান্তর; | (১.৩.১) দুর্ঘটনা কবলিতদের চিকিৎসালয়ে হস্তান্তর | আহত ব্যক্তিদের দুর্ঘটনাস্থল হতে উদ্ধার করে তাৎক্ষণিকভাবে হাসপাতালে প্রেরণের মাধ্যমে চিকিৎসা সেবা নিশ্চিত করা হয়। | সহকারী পরিচালক | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ৪ | (১.৪) এ্যাম্বুলেন্স সার্ভিস পরিচালনা; | (১.৪.১) প্রদানকৃত এ্যাম্বুলেন্স সার্ভিস | নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে রোগী এ্যাম্বুলেন্স সার্ভিসের মাধ্যমে জরুরিভিত্তিতে চিকিৎসার জন্য হাসপাতালে প্রেরণের মাধ্যমে জনগণকে সেবা প্রদান করা হয়। যে কোন ব্যক্তি ফায়ার সার্ভিসে কল করে অনপেমেন্ট ব্যবস্থায় এই সেবা গ্রহণ করতে পারেন। | সহকারী পরিচালক | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ৫ | (১.৫) তাৎক্ষণিক সেবা প্রদানের জন্য টহল ডিউটি কার্যক্রম। | (১.৫.১) টহলের জন্য নির্ধারিত পয়েন্ট | অগ্নিকান্ডসহ অন্যান্য দুর্ঘটনা তাৎক্ষণিক মোকাবেলার জন্য সারাদেশের দুর্ঘটনাপ্রবন এলাকায় টহল ডিউটি কার্যক্রম পরিচালনা করা হয়। | সহকারী পরিচালক | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ৬ | (২.১) অগ্নি দুর্ঘটনা, উদ্ধার ও ভূমিকম্প প্রতিরোধমূলক মহড়ার আয়োজন; | (২.১.১) বস্তি এলাকায় পরিচালিত মহড়া | অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ ও নির্বাপণ বিষয়ে সচেতনতা ও প্রাথমিক পর্যায়ে অগ্নিকান্ড মোকাবেলা, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প প্রতিরোধমূলক সম্পর্কে জানানো ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নিকটস্থ ফায়ার স্টেশনের উদ্যোগে বস্তি এলাকায় মহড়া পরিচালনা করা হয়। | সহকারী পরিচালক | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ৭ | | (২.১.২) শপিংমল, হাটবাজার বিপণিবিতানে পরিচালিত মহড়া | অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ ও নির্বাপণ বিষয়ে সচেতনতা ও প্রাথমিক পর্যায়ে অগ্নিকান্ড মোকাবেলা, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প প্রতিরোধমূলক সম্পর্কে জানানো ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নিকটস্থ ফায়ার স্টেশনের উদ্যোগে শপিংমল, হাটবাজার বিপণিবিতানে মহড়া পরিচালনা করা হয়। | সহকারী পরিচালক | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ৮ | | (২.১.৩) শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত মহড়া | অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ ও নির্বাপণ বিষয়ে সচেতনতা ও প্রাথমিক পর্যায়ে অগ্নিকান্ড মোকাবেলা, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প প্রতিরোধমূলক সম্পর্কে জানানো ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নিকটস্থ ফায়ার স্টেশনের উদ্যোগে শিক্ষা প্রতিষ্ঠানে মহড়া পরিচালনা করা হয়। | সহকারী পরিচালক | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৯ | | (২.১.৪) বহুতল/ বাণিজ্যিক ভবনে পরিচালিত মহড়া | অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ ও নির্বাপণ বিষয়ে সচেতনতা ও প্রাথমিক পর্যায়ে অগ্নিকান্ড মোকাবেলা, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প প্রতিরোধমূলক সম্পর্কে জানানো ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নিকটস্থ ফায়ার স্টেশনের উদ্যোগে বহুতল/ বাণিজ্যিক ভবনে মহড়া পরিচালনা করা হয়। | সহকারী পরিচালক | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ১০ | (২.২) বিভিন্ন প্রতিষ্ঠানের অগ্নি নিরাপত্তা ব্যবস্থাদি জোরদারকরণ | (২.২.১) পরিচালিত অগ্নি নিরাপত্তামূলক পরিদর্শন কার্যক্রম | সকল মালগুদাম ও কারখানায় অগ্নি প্রতিরোধ ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন-২০০৩ এর বিধান অনুযায়ী অধিদপ্তরের কর্মী কর্তৃক পরিদর্শন করে অগ্নি নিরাপত্তা নিশ্চিতকরণ করা হয়। | সহকারী পরিচালক | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ১১ | (২.৩) জনসচেতনতা বৃদ্ধিকরণ | (২.৩.১) পরিচালিত টপোগ্রাফি, জন ও গণসংযোগ | জনসচেতনতা বৃদ্ধি, ভূমিকম্প ও অগ্নিকান্ডসহ যে কোন দুর্ঘটনা মোকবেলা সহজতর করার জন্য রাস্তাঘাট ও পানির উৎসসহ ঝুকিপূর্ন স্থান চিহ্নিত করার জন্য নিকটস্থ ফায়ার স্টেশনের মাধ্যমে সারাদেশে টপোগ্রাফি, জন ও গণসংযোগ পরিচালনা করা হয়। | সহকারী পরিচালক | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ১২ | | (২.৩.২) লিফলেট পোস্টার বিতরণ | জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের মাধ্যমে আওতাধীন এলাকায় লিফলেট পোষ্টার বিতরন করা হয়। | সহকারী পরিচালক | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ১৩ | (৩.১) অগ্নিনির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ; | (৩.১.১) সাধারণ জনগণদের প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ; | সাধারণ জনগণদের মৌলিক অগ্নি নির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প বিষয়ে মৌলিক প্রশিক্ষণের মাধ্যমে সচেতন করা হয়। | সহকারী পরিচালক | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ১৪ | | (৩.১.২) শিক্ষার্থীদের জন্য পরিচালিত মৌলিক প্রশিক্ষণ; | স্কুল কলেজসহ সকল শিক্ষার্থীদের মৌলিক অগ্নিনির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প বিষয়ে মৌলিক প্রশিক্ষণের মাধ্যমে সচেতন করা হয়। | সহকারী পরিচালক | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ১৫ | (৩.৩) ফায়ার সার্ভিস কর্মী বাহিনীর জন্য পরিচালিত প্রশিক্ষণ; | (৩.৩.১) অংশগ্রহণকৃত প্রশিক্ষণ; | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স রংপুর বিভাগে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকরণে অধিদপ্তরের প্রশিক্ষণ কেন্দ্র ও বিভাগীয়/ জেলা প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়। | সহকারী পরিচালক | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ১৬ | (৩.৪) সক্ষমতা বৃদ্ধিকরণে উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ। | (৩.৪.১) অংশগ্রহণকৃত দেশীয় উচ্চতর প্রশিক্ষণ; | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স রংপুর বিভাগে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকরণে দেশীয় অন্যান্য বিভাগের মাধ্যমে অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকরণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রশিক্ষণ কেন্দ্র ও বিভাগীয়/জেলা প্রশিক্ষণ কেন্দ্র এবং অন্যান্য প্রতিষ্ঠানের মাধ্যমে উচ্চতর প্রশিক্ষণ প্রদান করা হয়। | সহকারী পরিচালক | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ১৭ | (৪.১) প্রতিষ্ঠান/স্থাপনা বরাবর বিধি মোতাবেক লাইসেন্স প্রদান; | (৪.১.১) প্রদানকৃত লাইসেন্স | সকল মালগুদাম ও কারখানায় অগ্নি প্রতিরোধ ও নির্বাপণি ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন-২০০৩ এর বিধান অনুযায়ী অধিদপ্তরের কর্মী কর্তৃক পরিদর্শন করে ফায়ার সেফটি নিশ্চিতকরণ ও রাজস্ব আদায়ের লক্ষ্যে ফায়ার লাইসেন্স প্রদান করা হয়। | সহকারী পরিচালক | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৮ | (৪.২) বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য বিধি মোতাবেক ছাড়পত্র প্রদান; | (৪.২.১) প্রদানকৃত ছাড়পত্র; | অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন-২০০৩ এবং বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড অনুযায়ী অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ ব্যবস্থা নিশ্চিতকল্পে আবেদনের পরিপ্রেক্ষিতেবিভিন্ন প্রতিষ্ঠানের জন্য বিধি মোতাবেক ছাড়পত্র প্রদান করা হয়। | সহকারী পরিচালক | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ১৯ | (৪.৩) অগ্নি নির্বাপন খাতে আদায়কৃত ফি | (৪.৩.১) আদায়কৃত ফি | যে কোন ওয়্যারহাউজ ও ওয়ার্কশপে অগ্নি দুর্ঘটনার ফলে ক্ষতির পরিমাণ নির্ধারণ ও অগ্নিকান্ডের কারণ সম্পর্কিত ফায়ার রিপোর্ট, লাইসেন্স প্রদান ও নবায়ন এবং এ্যাম্বুলেন্স সেবা প্রদানের মাধ্যমে ফি আদায় করা হয়। | সহকারী পরিচালক | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ২০ | (৫.১) প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন স্টেশন পরিদর্শন | (৫.১.১) পরিদর্শিত নির্মাণাধীন ফায়ার স্টেশন | উপপরিচালক কর্তৃক বিভিন্ন প্রকল্পের আওতায় নির্মাণাধীন ফায়ার স্টেশন পরিদর্শন | উপপরিচালক | উপপরিচালকের দপ্তর হতে প্রাপ্ত তথ্য মোতাবেক। | |

## সংযোজনী-৩

### কর্মসম্পাদনের লক্ষ্যে অন্য মন্ত্রণালয়ের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সুচক | উক্ত সংস্থার নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/ প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অর্থ বিভাগ | উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ | সক্ষমতা বৃদ্ধিকরণে উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ | উচ্চতর প্রশিক্ষণে অর্থ বরাদ্দ | - | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স রংপুর বিভাগে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকরণে উচ্চতর প্রশিক্ষণ প্রদানে বিলম্বিত হতে পারে |
| গণপূর্ত বিভাগ | নতুন ফায়ার স্টেশন/ দপ্তর নির্মাণ ও বিদ্যমান ফায়ার স্টেশন/ দপ্তরের ভবন সংস্কার/ মেরামতকরণ | ফায়ার স্টেশন/ দপ্তর নির্মান ও বিদ্যমান ফায়ার স্টেশন/ দপ্তরের ভবন সংস্কার/ মেরামত করণ | নিদিষ্ট সময়ের মধ্যে প্রকল্পভুক্ত নতুন ফায়ার স্টেশন/ দপ্তর সমূহের নির্মান কাজ এবং চাহিদা মোতাবেক সময়মত বিদ্যমান ফায়ার স্টেশন/ দপ্তরের ভবন সিভিল ও বৈদ্যুতিক সংস্কার/ মেরামতকরণ | সময়মত প্রকল্পভূক্ত নতুন ফায়ার স্টেশন/ দপ্তর সমূহের নির্মাণ কাজ শেষ হলে স্বল্প সময়ের মধ্যে জনসাধারণকে কাঙ্খিত সেবা প্রদান করা সম্ভব হবে এবং ফায়ার স্টেশন/দপ্তরের সক্ষমতার মান উন্নয়ন হবে | ফায়ার স্টেশন স্থাপন সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন বিলম্বিত হতে পারে ফলে জনসাধারন কাঙ্খিত সেবা হতে বঞ্চিত হবে এবং ফায়ার স্টেশন/দপ্তরের সক্ষমতার মান হারাতে পারে। |